



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা ১০০০

২০২৪-২৫ অর্থবছরের জাতীয় শূদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে হাইড্রোকার্বন ইউনিট-এর নৈতিকতা কমিটির প্রথম সভার কার্যবিবরণী।

সভাপতি	মো: শামীম খান মহাপরিচালক (যুগ্মসচিব)
সভার তারিখ	৩০-০৭-২০২৪ ইং
সভার সময়	বিকাল ০২:৩০ ঘটিকা
স্থান	কনফারেন্স রুম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২.০। আলোচনাঃ

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় জাতীয় শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রথম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়। সভাপতি অত্র অফিসের জাতীয় শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রথম কোয়ার্টারে কি কি বাস্তবায়ন করতে হবে সে বিষয়ে আলোচনা করেন।

২.২ সভাপতি ২০২৪-২০২৫ অর্থ বছরের জাতীয় শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় মন্ত্রিপরিষদ বিভাগের ছক অনুযায়ী শূদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ; সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভা; কর্ম-পরিবেশ উন্নয়নের জন্য পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম; অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব ও উন্নয়ন বাজেট); বাজেট বাস্তবায়ন; সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ; হাইড্রোকার্বন ইউনিটের অভ্যন্তরীণ অডিট সম্পন্ন করা; জ্বালানি সেক্টরের সকল দপ্তর/সংস্থার কর্মকর্তাগণের মধ্যে সুশাসন প্রতিষ্ঠা ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নলেজ শেয়ারিং কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনা করেন।


ফোকাল পয়েন্ট জানান, কর্ম-পরিবেশ উন্নয়নের অংশ হিসেবে পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির জন্য অফিসের ব্যবহৃত আসবাবপত্র জীবানুনাশক স্প্রে দ্বারা জীবানু মুক্তকরণ; মাস্ক পড়া, হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার উৎসাহিত করা; অফিস প্রাঙ্গণ প্রত্যাহ পরিষ্কারকরণ করা হয়।

পরিশেষে সভাপতি শূদ্ধাচার কৌশল বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩.০। সিদ্ধান্তঃ

- ক) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করতে হবে।
- খ) হাইড্রোকার্বন ইউনিটের অভ্যন্তরীণ অডিট নিষ্পত্তিকরণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- গ) জ্বালানি সেক্টরের সকল দপ্তর/সংস্থার কর্মকর্তাগণের মধ্যে সুশাসন প্রতিষ্ঠা ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নলেজ শেয়ারিং কর্মশালা আয়োজন করতে হবে।

৪.০। সভায় আর কোন বিষয় না থাকায় কমিটির সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



০১-০৮-২০২৪

মো: শামীম খান

মহাপরিচালক (যুগ্মসচিব)

৮৩৯১০৭৫

hcu@hcu.org.bd


১৭ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ

তারিখ: ০১ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৫৪.০০১.১৮.২২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন), উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট;
- ২। উপ-পরিচালক (প্রশাসন ও আইসিটি), উপ-পরিচালক (প্রশাসন ও আইসিটি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট;
- ৩। সহকারী পরিচালক (অনুসন্ধান), উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট;
- ৪। সহকারী পরিচালক (পরিকল্পনা), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) -এঁর দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট এবং
- ৫। অফিস কপি, হাইড্রোকার্বন ইউনিট।



১২-০৮-২০২৪

মো: শামীম খান

মহাপরিচালক (যুগ্মসচিব)